



COMMUNITY OF PHYSICS

5B, 17/A/3, Azimpur Bottola, Azimpur, Dhaka 1205.

Phone: +880-1521-252671; Email: contact@communityofphysics.org

প্রেস বিজ্ঞপ্তি

গত ১২ জুলাই ২০১৬ রোজ মঙ্গলবার হতে শুরু হয়ে গতকাল ১৬ জুলাই ২০১৬ রোজ শনিবার শেষ হল “কমিউনিটি অব ফিজিক্স” আয়োজিত চতুর্থ কর্মশালা “1st Workshop on Classical Electromagnetism”। তড়িৎচুম্বকত্বের উপর আয়োজিত এ কর্মশালাটিতে মৌলিক বিষয়গুলোর পাশাপাশি ছিল বিজ্ঞান ও প্রযুক্তির বিভিন্ন শাখায় তড়িৎচুম্বকত্বের ব্যবহারিক প্রয়োগ নিয়ে আলোচনা। টানা পাঁচদিন ব্যাপী এ কর্মশালাটি পুরান ঢাকার রায় সাহেব বাজারের ৫নং ইংলিশ রোডে অবস্থিত উদ্ভাস একাডেমিক এন্ড অ্যাডমিশান কেয়ারের শ্রেণীকক্ষে অনুষ্ঠিত হয়েছে। কর্মশালাটিতে অংশগ্রহণ করে সারাদেশের বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয় থেকে আগত প্রায় অর্ধশতাধিক শিক্ষার্থী। কর্মশালার শেষদিনে তড়িৎচুম্বকত্বের উপর প্রতিযোগিতা, সনদপত্র ও পুরস্কার বিতরণ এবং সমাপনী অনুষ্ঠানের মাধ্যমে পাঁচদিনের কর্মশালাটি শেষ হয়। প্রতিযোগীদের মধ্যে প্রথম স্থান অধিকার করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের শিক্ষার্থী মারুফ আহমেদ, দ্বিতীয় স্থান অধিকার করে ভিকারুননেসা নুন স্কুল অ্যান্ড কলেজের বিজ্ঞান বিভাগের শিক্ষার্থী ফারহানা খান এবং তৃতীয় স্থান অধিকার করে মিলিটারি ইন্সটিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির যন্ত্র কৌশল বিভাগের শিক্ষার্থী ইমতিয়াজ তাইমুর।

“কমিউনিটি অব ফিজিক্স” পদার্থবিজ্ঞানপ্রেমীদের একটি সংগঠন, যারা ইতঃপূর্বে ক্লাসিক্যাল মেকানিক্স, ভেক্টর ক্যালকুলাস ও ডিফারেনশিয়াল ইকুয়েশানের উপরে সর্বমোট তিনটি কর্মশালার আয়োজন করেছে।

ওয়েবসাইটঃ <http://www.communityofphysics.org/>

(Ashiqul Islam Dip)

Founder & Chief Adviser

Community of Physics

Email: dip@communityofphysics.org